পাঁচ ওয়াক্ত সালাত পরবর্তী মাসনূন দু'আ ও যিক্র

ফরয সালাতের পর রাসূলুল্লাহ ﷺ নিম্নোক্ত যিকির ও দু'আ পড়তেন। যে কোনো মুসলিমের জন্য এগুলো গুরুত্বপূর্ণ সুন্নাহ।

সালাম ফেরানোর পর প্রথমে-

৩ বার أَسْتَغْفِرُ اللهَ 'আসতাগফিরুল্লা-হ্'।[১]

অর্থ: আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি।

১ বার

اَللّٰهُمَّ اَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَاذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ

উচ্চারণ: আল্লা-হুম্মা আনতাস সালা-মু ওয়া মিনকাস সালা-ম, তাবা-রাকতা ইয়া যাল জালা-লি ওয়াল ইকরা-ম।

অর্থ: হে আল্লাহ! আপনার গুণবাচক নাম সালাম। আপনি শান্তিদাতা। আপনি কল্যাণময়। আপনি মহিমা ও মর্যাদার অধিকারী।[১]

১ বার আয়াতুল কুরসী:[২,৩]

১ মুসলিম, অধ্যায়: মাসজিদ ও সালাতের স্থানসমূহ, পরিচ্ছেদ: সালাতের পর যিকর মুস্তাহাব হওয়া প্রসঙ্গ, হাদীস নং- ১২১২

২ সুরা বাক্বারা,আয়াত নং- ২৫৫

৩ তাবরানী, হাদীস নং- ৬৭৪

১ বার

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ. اَللّٰهُمَّ لَا مَانِعَ لِمَا اَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ.

উচ্চারণ : লা- ইলাহা ইল্লাল্লা-হু ওয়া'হদাহূ লা- শারীকা লাহূ, লাহুল মুলকু ওয়া লাহুল 'হামদু ওয়া হুয়া 'আলা-কুল্লি শাইয়িন ক্বাদীর। আল্লা-হুম্মা লা-মা-নি'আ লিমা- আ'তাইতা, ওয়া লা- মু'তিয়া লিমা- মানা'তা, ওয়া লা- ইয়ানফা'উ যাল জাদ্দি মিনকাল জাদ্দু।

অর্থ: আল্লাহ ব্যতীত আর কোনো হক উপাস্য নেই। তিনি একক, তাঁর কোনো শরীক নেই। রাজত্ব তাঁর এবং যাবতীয় প্রশংসা কেবল তাঁর। তিনি সকল কিছুর ওপর ক্ষমতাশালী। হে আল্লাহ, আপনি যা দান করেন তা ঠেকানোর ক্ষমতা কারো নেই। আর আপনি যা না দেন তা দেওয়ার ক্ষমতাও কারো নেই। আর ক্ষমতাধারীর ক্ষমতা ও প্রতিপত্তি আপনার নিকট কোনো কাজে আসবে না। প্রকৃত ক্ষমতা আপনার কাছ থেকেই।[৪]

১ বার

اَللّٰهُمَّ أَعِنِّيْ عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ

উচ্চারণ : আল্লা-হুম্মা আ'ইন্নী 'আলা- যিকরিকা ওয়া শুকরিকা ওয়া 'হুসনি 'ইবা-দাতিক।

৪ বুখারী, অধ্যায়: আযান, পরিচ্ছেদ: সালাতের পর যিকর, হাদীস নং-৮০৪

অর্থ: হে আল্লাহ, আমাকে আপনার যিকির করার এবং শোকর করার ও সুন্দরভাবে আপনার ইবাদতের জন্য সাহায্য করুন।[৫]

৩৩ বার	৩৩ বার	৩৪ বার
سُبۡحٰنَ اللّٰهِ	اَلۡحَمۡدُ لِلّٰهِ	اَللّٰهُ اَكۡبَرُ
সুবহা-নাল্লা-হ	আল'হাম্‌দুলিল্লা-হ	আল্লা-হু আকবার
আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি।	সকল প্রশংসা আল্লাহর	আল্লাহ সর্বমহান[৬]

১ বার সুরা ইখলাস, সুরা ফালাক্ব ও সুরা নাস (এই সুরাগুলো সকাল-সন্ধ্যায় ৩ বার করে পড়া সুন্নাত)।[৭]

১ বার

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحۡدَهٗ لَا شَرِيۡكَ لَهٗ، لَهُ الۡمُلۡكُ وَلَهُ الۡحَمۡدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيۡءٍ قَدِيۡرٌ. لَا حَوۡلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ، لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ، وَلَا نَعۡبُدُ اِلَّآ اِيَّاهُ، لَهُ النِّعۡمَةُ وَلَهُ الۡفَضۡلُ وَلَهُ الثَّنَآءُ الۡحَسَنُ، لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُخۡلِصِيۡنَ لَهُ الدِّيۡنَ وَلَوۡ كَرِهَ الۡكَافِرُوۡنَ.

---

৫ সুনানে আবু দাউদ: সালাত অধ্যায়, ইস্তেগফার পরিচ্ছেদ: হাদীস নং- ১৫২২

৬ নাসাঈ, অধ্যায়: সা'হু (ভুল), পরিচ্ছেদ: অন্য আর এক প্রকার তাসবীহের সংখ্যা, হাদীস নং- ১৩৫৩

৭ আবু দাউদ, অধ্যায়: সালাত, পরিচ্ছেদ: ইস্তিগফার, হাদীস নং- ১৫২৩

উচ্চারণ : লা-ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া'হদাহূ লা- শারীকা লাহূ, লাহুল মুলকু ওয়া লাহুল 'হামদু ওয়া হুয়া 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। লা 'হাওলা ওয়া লা- কুউওয়াতা ইল্লা- বিল্লা-হ, লা-ইলা-হা ইল্লাল্লা-হু, ওয়া লা- না'বুদু ইল্লা-ইয়্যা-হ, লাহুন্ নি'মাতু ওয়া লাহুল ফাদ্বলু ওয়া লাহুস্ সানা-উল 'হাসান। লা-ইলা-হা ইল্লাল্লা-হু মুখলিসীনা লাহুদ্দীন। ওয়া লাও কারিহাল কা-ফিরূন।

অর্থ : আল্লাহ ব্যতীত আর কোনো হক উপাস্য নেই। তিনি একক, তাঁর কোনো শরীক নেই। রাজত্ব তাঁর এবং যাবতীয় প্রশংসা কেবল তাঁর। তিনি সকল কিছুর ওপর ক্ষমতাশালী। নেই কোন ক্ষমতা, নেই কোনো শক্তি, আল্লাহর মাধ্যম ব্যতীত। আল্লাহ ছাড়া কোনো হক উপাস্য নেই এবং আমরা আল্লাহ ছাড়া আর কারো ইবাদত করি না। নিয়ামত তাঁরই, করুণা তাঁরই এবং উত্তম প্রশংসা তাঁরই। আল্লাহ ছাড়া কোন হক উপাস্য নেই। আমরা কেবল তাঁর জন্য একনিষ্ঠভাবে দীন মান্য করি, যদিও এতে কাফেররা অসন্তুষ্ট হয়।[৮]

---

৮ মুসলিম, অধ্যায়: মাসজিদ ও সালাতের স্থানসমূহ, পরিচ্ছেদ : সালাতের পর যিক্‌র মুস্তাহাব হওয়া প্রসঙ্গ, হাদীস নং– ৫৯৪

বিঃ দ্রঃ– উদ্ধৃত হাদীস নাম্বার ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক প্রকাশিত হাদীসগ্রন্থের এবং অনলাইন ভিত্তিক লাইব্রেরী 'মাকতাবায়ে শামেলা'র।

আস-সুন্নাহ ফাউন্ডেশন
গভঃ রেজিঃ নং S-13111/2019
01551555400 / 01756400542
www.assunnahfoundation.org
assunnahfoundationbd@gmail.com